भारतीय गैर न्यायिक

10000 रु. Rs.10000

दस हजार रुपये

RUPEES TEN THOUSAND

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

03AA 722529

মং ১,৪৯,২০০ টাকা পণ মূল্যের

নিঃস্বত্ব সাফ বিক্রিয় কোবালা দলিলপত্র

| কোবালা গ্রহীতা | কোবালা দাতা |
| --- | --- |
| এসাক মণ্ডল | ১) নুর উদ্দিন মণ্ডল |
| পিতা রজব আলি মণ্ডল | ২) আমিন উদ্দিন মণ্ডল |
| জাতি মুসলমান, পেশা ব্যবসা | উভয়ের পিতা মৃত ইয়াদ আলি মণ্ডল |
| সাং উত্তর কুমরাখালি, | উভয়ের জাতি মুসলমান |
| পোঃ নরেন্দ্রপুর | পেশা ১) ব্যবসা, ২) চাষ আবাদ |
| থানা সোনারপুর, | উভয়ের সাং পাইকপাড়া, পোঃ নরেন্দ্রপুর |
| জেলা দঃ ২৪ পরগণা | থানা সোনারপুর, জেলা দঃ ২৪ পরগণা। |

25183
Eroar Mondal

Uttar Kumrokhali, Sonarpur 24 pgs(S)

12.11.02

90,000
1000
950
APRIL 400
[illegible]
11,950

1/30 pm
15/1
04

Nuruddin Mondal

Nuruddin Monondal

7338

Nuruddin Mondal

7339

(1) Nuruddin Mondal
(2) Aminuddin Mondal
S/O Eyad Ali Mondal
of Paik para
PS Sonarpore
Dist 24 pgs (S)
M/

18/11

Sampur Ali
Mondal S/O
Eyad Ali Mondal
of Paik Para
Narendrapore
Dist 24 pgs (S)
M/ Culter

15/11/02

1000Rs.




Nuruddin Mondal

কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্থানীয় মাপে কমবেশী ৩ কাঠা ~~৪ ছটাক ৩৬ বর্গফুট~~ [১৩ ছটাক] পরিমিত শালি জমি মায় যাবতীয় আকর আওলতাদি ও [illegible] পশ্চিমদিক [illegible] ফুট ও ততোধিক কমন প্যাসেজে চলাচল, নিকাশী ও অন্য সর্বপ্রকার ব্যবহারের ইজমেন্ট স্বত্বাদি সহ হক হকুক সম্পত্তি, নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্যাঞ্চাগে -

জেলা দঃ ২৪ পরগণা, থানা ও এ.ডি.এস.আর.ও. সোনারপুরের অধীন বর্তমান রাজপুর-সোনারপুর পৌরসভায় ২৪নং ওয়ার্ডের অন্তর্গত উখিলা পাইকপাড়া মৌজায় জে. এল. নং ৫৬, রেঃ সাঃ নং ১৪৭, তৌজি নং ১০৯, খতিয়ান নং ৪৪০ ভুক্ত ২৩০৭ নং দাগে ২৭ শতক জমির মধ্যে কমবেশী ৩ কাঠা ~~৪ ছটাক ৩৬ বর্গফুট~~ [১৩ ছটাক] পরিমিত শালি জমি যাহা অত্র দলিলে গ্রথিত নক্সায় লাল রং দ্বারা সীমায়িত -- অত্র দলিলে বিক্রীত সম্পত্তি হইতেছে।

500Rs.




Nur Uddin Mondal

উক্ত নিম্ন তপশীলভুক্ত জমিজমা সহ আরো অন্যান্য সম্পত্তি আমাদের পূর্বপুরুষ মুল্লুক চাঁদ মণ্ডলের নাম বরাবর রেকর্ডভুক্ত ও খাস দখলীয় থাকাকালীন তিনি তাঁহার পুত্র , অত্র কোবালা দাতাগণের পিতা, ইয়াদ আলি মণ্ডলের অনুকূলে সম্পাদিত দানপত্র দলিল দ্বারা উক্ত জমিজমা দান করিয়া দেন। যাহা বিগত ইং ১৯৪৯ সালে বারুইপুর সাবরেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত ১ নং বহির ৪৯ নং ভল্যুমে ২৩৫ হইতে ২১৩৮ পৃষ্ঠায় লিখিত ১৯৪৯ সালের ৪৪৮৯ নং দলিলরূপে নথিবদ্ধ আছে।

অতঃপর অত্র কোবালা দাতাগণের পিতা উক্ত ইয়াদ আলি মণ্ডল দানপত্র দলিলমূলে প্রাপ্ত সম্পত্তির খাস দখল লইয়া, একক মালিক ও স্বত্বাধিকারীরূপে রিভিঃ সেটেলমেন্ট রেকর্ডে নিজ নাম বরাবর ষোল আনা অংশ রেকর্ডভুক্ত করাইয়া ও ধার্য্যকৃত খাজনাদি আদায় দিয়া অন্যের বিনা স্বত্ব সংশ্রবে খাসে ভোগবান

100Rs.




Nuruddin Mondal

থাকাকালীন পারিবারিক শান্তি ও পারস্পরিক সৌহার্দ্য বজায় রাখার আগাম পরিকল্পনা করিয়া বিগত ইং ২২.৬.১৯৯৩ তারিখে সম্পাদিত পৃথক পৃথক সেটেলমেন্ট ডিড বা নিরুপণ পত্র দলিল দ্বারা তাঁর পুত্র কন্যাদের মধ্যে উক্ত স্বত্বদখলীয় সম্পত্তির ভাগ  বা অংশ নির্দিষ্টরুপে নিরুপণ করিয়া দেন। অত্র কোবালা ১নং দাতার অনুকূলে সম্পাদিত নিরূপণ পত্র দলিলখানি সোনারপুর সাবরেজেষ্ট্রী অফিসে ১ নং বহির ৬৭ নং ভল্যুমে ৩৩৩ পৃষ্ঠা হইতে ৩৩৭ পৃষ্ঠায় লিখিত ১৯৯৩ সালের ৪৭৫১ নং দলিলরূপে নথিবদ্ধ আছে এবং অত্র কোবালা ২ নং দাতার অনুকুলে সম্পাদিত নিরুপণ পত্র দলিলখানি সোনারপুর সাবরেজেষ্ট্রী অফিসে ১ নং বহির ৬৭ নং ভল্যুমে ৩৩৮ পৃষ্ঠা হইতে ৩৪৩ নং পৃষ্ঠায় লিখিত ১৯৯৩ সালের ৪৭৫২ নং দলিলরূপে নথিবদ্ধ আছে।

100Rs.




Nur Uddin Mondal

এবমপ্রকারে আমরা অত্র কোবালা দাতাগণ সেটেলমেন্টকারী আমার পিতা ইয়াদ আলি মণ্ডলের সেবা শুশ্রুষা ও দেখভাল করা স্বত্তেও কালের অমোঘ বিধানে তাঁহার মৃত্যু হইলে পর আমরা উক্ত সেটেলমেন্ট পত্র দলিলের নির্দেশ মতো নিজ নিজ অংশের ষোল আনা মালিক ও স্বত্বাধিকারীরূপে ধার্য্যকৃত করাদি পৃথক পৃথক ভাবে আদায় দিয়া অদ্যাবধি নির্বিবাদে অন্যের নিরাংশে আপন আপন অংশে ভোগবান ও দখলীকার আছি ও হইতেছি।

এক্ষণে নানারিধ বৈধ ও ন্যায় সঙ্গত কারণে আমাদের নগদ টাকার বিশেষ প্রয়োজনে আমাদের উপরোক্ত রকমে প্রাপ্ত উক্ত উখিলা পাইকপাড়া মৌজায় ৪৪০ নং খতিয়ানে ২৩০৭ নং দাগে অত্র দলিল সাথ গ্রথীত নকশায় লাল রংয়ের সীমারেখা দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত স্থানীয় মাপে কমবেশী ৩ কাঠা ১৩ ছটাক ~~৪ ছটাক ৩৬ বর্গফুট~~ পরিমিত শালি জমি মায় যাবতীয় আকর আওলতাদি ও জমি সংলগ্ন কমন প্যাসেজ (নকশা মোতাবেক) দিয়া চলাচল মায় সর্ব প্রকার ব্যবহারিক রাইট অফ

100Rs.




Nur Uddin Mondal

ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি বর্তমান বাজার উচিৎ পণ মূল্য বেলমোক্তা ১,৪৯,২০০ টাকায় বিক্রয় করিবার কথা ঘোষ্রণা করিলে পর আপনি অত্র কোবালা গ্রহীতা আমাদের ঘোষণায় অবগত হইয়া উক্ত পণমূল্যে তপশীলে বর্ণিত সম্পত্তি খরিদ করিতে ইচ্ছুক হইয়া আমাদের নিকট প্রকাশ প্রস্তাব করিলে পর আমরা আপনার প্রস্তাবে সম্মত ও রাজি হইয়া উক্ত মূল্যে আপনাকে বিক্রয় করিতে স্বীকৃত হইয়া অদ্যকার তারিখে আমাদের ধার্য্যকৃত পণমূল্য ১,৪৯,২০০ টাকা নিম্ন জায়মত আপনার নিকট হইতে গ্রহণ করিয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার প্রকাশ প্রচার ও ঘোষণা করিতেছি যে-

নিম্ন তপশীলে বর্ণিত অত্র বিক্রীত সম্পত্তিতে এ যাবৎ কাল আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব, দখল লভ্য অধিকারাদি ছিল ও আছে, তাহা অদ্য হইতে আমাদের ধ্বংশ রদ ও রহিত হইয়া সম্পূর্ণ রুপে আপনাতে বর্ত্তিল ও অর্শিল। আপনি অদ্য তারিখ হইতে অত্র বিক্রীত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান দখলে মালিক

100Rs.




দখলকারি নিয়ত হইয়া বর্তমান মালিক সরকারে ও অন্যান্য অফিসে আমাদের নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন করতঃ সরকারী ধার্য্যকৃত করাদি ও ট্যাক্সাদি যথারীতি কর্তৃপক্ষকে সনসন আদায় দিয়া যদিচ্ছা সহকারে, দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা সর্ব প্রকার হস্তান্তর, রুপান্তর ও অবস্থান্তর করণের ক্ষমতায় পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে চিরতরে পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমরা মায় আমাদের ওয়ারিশান গণক্রমে কেহ কোন প্রকার দাবি, দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না ও পারিবেক না। যদি কেহ করি বা, করে তবে তাহা অত্র কোবালা দলিল বলে সর্বত্র-সকল-স্থানে-ও-সর্ব আদালতে, বাতিল, অগ্রাহ্য ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবেক।

প্রকাশ থাকে যে, অত্র বিক্রীত নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি আমরা ইতি পূর্বে আর অন্য কাহারও নিকট কোনও প্রকার হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই। উহা কোন প্রকার মামলা মোকদ্দমার বিষয়ীভুক্ত সম্পত্তি নহে বা কাহারও খোরপোষের

50 Rs.

পচাস রুপয়ে

भारत

INDIA

৫০রু. 50RS

FIFTY RUPEES

Nurulddin Mondal

দায়ে বা কাহারও জামিনে আবদ্ধ নাই। উহা সরকারী বা বে-সরকারী প্রতিষ্ঠান কর্ত্তৃক অ্যাকুইজিশান রিকুইজিশান হয় নাই বা ঐ মর্মে কোন নোটিশাদি পাই নাই। সম্পূর্ণ নির্দায় নির্দোষ এবমুক্ত অবস্থায় আমাদের খাস দখলে থাকা অবস্থায় আপনাকে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

প্রকাশ থাকে যে, আমাদের উপরি উক্ত উক্তি সমূহের মধ্যে কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকতা বলিয়া প্রকাশ পাইলে আমরা মাফিক আইন আমলে আসিব এবং অত্র বিক্রীত সম্পত্তিতে আমাদের স্বত্ব দখলের কোন প্রকার দুর্বলতা বা গোলযোগ থাকা হেতু আপনাদের খরিদা স্বত্ব ও দখল পরিচালনে কোনও প্রকার বাধা বিঘ্ন সৃষ্টি হইলে বা উক্ত সম্পত্তি হইতে বে দখল হইলে অদ্য তারিখে আপনার দেয় পণের সমুদয় টাকা মায় যাবতীয় ক্ষতি খেসারতাদি আপনাকে এক কালীন ফেরত দিতে আমরা মায় আমাদের ওয়ারিশানগণক্রমে বাধ্য রহিলাম ও রহিবেক।

Nuruddin Mondal

আরও প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে অত্র কোবালা দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায়, তাহা হইলে আপনার তলবে আমাদের বলিবা মাত্র আপনাদের খরচায় বিনা পণ বা পারিশ্রমিকে পুনরায় যে কোন সংশোধনী বা পরিপূরক দলিল সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে আমরা মায় আমাদের ওয়ারিশান গণক্রমে বাধ্য রহিলাম ও রহিবেক।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় অত্র দলিলের লিখিত মর্ম সম্যক রুপে অবগত হইয়া এবং ধার্য্যকৃত পণ মূল্যের সমস্ত টাকা এক কালীন আপনার নিকট হইতে গ্রহণ করিয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে সাক্ষীগণের সম্মুখে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন পূর্ব্বক আপনার অনুকূলে রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ বাংলা সন - ১৪০৯ সালের ২৮শে কার্তিক মোতাবেক ইংরাজী সন ২০০২ সালের - ১৪ই নভেম্বর।


## বিক্রীত জমির তপশীল

জেলা দক্ষিণ ২৪ পরগণার অন্তর্গত এ.ডি. এস আর অফিস ও থানা সোনারপুর এর অধীন বর্তমান রাজপুর-সোনারপুর পৌরসভার ২৪ নং ওয়ার্ডে উখিলা পাইকপাড়া মৌজায় জে. এল. নং ৫৬, রেঃ সাঃ নং ১৪৭, তৌজি নং ১০৯ আর, এস জরিপে ৪৪০ নং খতিয়ানভুক্ত ২৩০৭ নং দাগে .২৭ শতক জমির মধ্যে অত্র দলিলে ১ নং দাতার অংশ হইতে ২ কাঠা ১৩ ছটাক ও ২ নং দাতার অংশ হইতে ১ কাঠা একুনে মোট ৩ কাঠা ১৩ ছটাক শালি জমি যাহা অত্র দলিল গ্রথিত নক্শায় লাল রং দ্বারা সীমায়িত ও সংলগ্ন কমন প্যাসেজে চলাচল, নিকাশী ও অন্য সর্বপ্রকার ব্যবহারের ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র দলিলে বিক্রীত সম্পত্তির বার্ষিক হারাহারি খাজনা ১০৫ পয়সা সন সন আদায় দেওয়া হয়। বিক্রীত জমিতে বর্তমানে চাষ আবাদ হয়।

### বিক্রীত জমির চৌহদ্দি

| | | |
|---|---|---|
| উত্তর | - | ২৩০৭ দাগের খালি জমি |
| দক্ষিণ | - | ২৩০৬ দাগের খালি জমি |
| পূর্ব্ব | - | ২৩০৮ দাগের খালি জমি |
| পশ্চিম | - | ৪ ফুট প্যাসেজ ও পৌর রাস্তা |

E PLAN OF LAND FOR SALE OF R.S. DAG NO-2307(P),
ATIAN NO-440. AT MOUZA- UKHILA PAIKPARA, J.L.NO-56
DER RAJPUR SONARPUR MUNICIPALITY, P.S. SONARPUR.
T- 24. PGS. (S). SCALE= 25'-0"=1"
LE AREA SHOWING THE RED BORDER. AREA= 3KA-13CH.(MORE OR LESS)




DRAWN BY.
Mohan Kr Ghosh
P.B.S. NO- 079.

টাকার জমা

Nur Uddin Mondal

দলিল সম্পাদন কালীন নোট ও নগদে ১,৪৯,২০০ টাকা মবলগে বুঝিয়া পাইলাম।

Nur Uddin Mondal

ইসাদী

১)

২)

মুসাবিদা কারক

মানব কুমার সরকার
(F784/779 of 87)
অ্যাডভোকেট
আলিপুর পুলিশ কোর্ট
কোলকাতা - ২৭

টাইপকারক

**ফ্যান্টাসী**
আলিপুর পুলিশ কোর্ট
কলকাতা - ৭০০ ০২৭

Registered in

Book No. 1

Vol. No. 2 — 2533

Pages 2513 to — 00291

05

15/11/05

11-02-2005